



গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ
গাজীপুর।

স্মারক নংঃ ২৫.৫৭.৩৩.০০.০০২.০৫.০০২.২২-৩৬৩

তারিখঃ ১৯ ভাদ্র ১৪৩২
০৩ সেপ্টেম্বর ২০২৫

জরুরি গণবিজ্ঞপ্তি

এতদ্বারা গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষের অধিভুক্ত এলাকা তথা গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত সকল নাগরিককে জানানো যাচ্ছে যে, এই কর্তৃপক্ষের অধিক্ষেত্র এলাকায় কোনরূপ ভূমির এবং অবকাঠামোগত উন্নয়ন বা ভবন নির্মাণ ও সম্প্রসারণে এই কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ আবশ্যিক। অধিকন্তু, ভবন বা অবকাঠামো নির্মাণের উদ্দেশ্যে ভূমি ব্যবহারের জন্যও এই কর্তৃপক্ষের অনুমতি নেয়া বাধ্যতামূলক।

আইন অনুযায়ী এই কর্তৃপক্ষের কোন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী নির্মিত বা নির্মীয়মাণ ভবন, ভূমি বা অন্যান্য যে কোনও অবকাঠামোগত প্রবেশের এখতিয়ার রাখে এবং প্রবেশপূর্বক উপরে বর্ণিত আইন ও সংশ্লিষ্ট অন্যান্য আইনে প্রদত্ত ক্ষমতাবলে সংশ্লিষ্ট ভূমি, নির্মিত/নির্মীয়মাণ ভবন বা অবকাঠামোর আইনী অনুমোদন, প্ল্যান, নক্সা, ছাড়পত্র ও আনুষঙ্গিক কাগজপত্রাদি তলব ও পরীক্ষা করার ক্ষমতা সংরক্ষণ করে। এতদ্ব্যতীত ভবন, ভূমি, অগ্নি, আইনশৃঙ্খলা, পরিবেশ ও অবকাঠামো এবং স্থানীয় সরকার সংক্রান্ত অন্যান্য আইনে প্রদত্ত ক্ষমতাবলে অপরাপর উপযুক্ত কর্তৃপক্ষ ও ভূমি উন্নয়ন এবং নির্মাণ কাজের অনুমোদন সংক্রান্ত রেকর্ড দেখার এখতিয়ার রাখে।

সম্মানিত নাগরিকগণকে আরও জানানো যাচ্ছে যে, আইনে ক্ষমতাপ্রাপ্ত নয় এমন কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠান ভূমির ছাড়পত্র কিংবা নির্মিত বা নির্মাণাধীন ভবনে প্রবেশ কিংবা অনুমতিপত্র দেখার এখতিয়ার রাখে না।

যদি কোনো নির্মিত বা নির্মীয়মাণ ভবন মালিক বা বাসিন্দাগণের এই মর্মে সন্দেহ জাগে যে, আইন বহির্ভূতভাবে কেউ তাঁদের ভবনে প্রবেশ ও তাঁদের কাছে ভবনের/ভূমির/অবকাঠামোর কাগজপত্রাদি দেখতে চাচ্ছে, সেক্ষেত্রে অনতিবিলম্বে তা গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষকে এবং সংশ্লিষ্ট এলাকার আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

(দেওয়ান মাহমুদুল হক)

সদস্য (প্রশাসন ও অর্থ)

গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।

ফোন- +৮৮০২২২৪৪২৩৫৩২

স্মারক নংঃ ২৫.৫৭.৩৩.০০.০০২.০৫.০০২.২২-৩৬৩

তারিখঃ ১৯ ভাদ্র ১৪৩২
০৩ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রশাসক, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
- ৪। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন, গাজীপুর।
- ৫। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৬। পুলিশ সুপার, গাজীপুর।
- ৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, গাজীপুর।
- ৮। জেলা তথ্য অফিসার, গাজীপুর।
- ৯। সভাপতি/ সাধারণ সম্পাদক, গাজীপুর প্রেস ক্লাব, গাজীপুর।
- ১০। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।
- ১১। অফিস কপি/ওয়েব সাইট/নোটিশ বোর্ড।

(দেওয়ান মাহমুদুল হক)

সদস্য (প্রশাসন ও অর্থ)

গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।

ফোন- +৮৮০২২২৪৪২৩৫৩২